

গহন কুসুমকুঞ্জ-মাবে মৃদুল মধুর বংশি বাজে,
বিসরি ত্রাস লোকলাজে সজনি, আও আও লো ॥
পিনহ চারু নীল বাস, হৃদয়ে প্রণয়কুসুমরাশ,
হরিণনেত্রে বিমল হাস, কুঞ্জবনমে আও লো ॥
ঢালে কুসুম সুরভভার, ঢালে বিহগ সুরবসার,
ঢালে ইন্দু অমৃতধার বিমল রজতভাতি রে ।
মন্দ মন্দ ভৃঙ্গ গুঞ্জে, অযুত কুসুম কুঞ্জে কুঞ্জে
ফুটল সজনি, পুঞ্জে পুঞ্জে বকুল যুথি জাতি রে ॥
দেখ, লো সখি, শ্যামরায় নয়নে প্রেম উথল যায় —
মধুর বদন অমৃতসদন চন্দ্রমায় নিন্দিছে ।
আও আও সজনিবৃন্দ, হেরব সখি শ্রীগোবিন্দ—
শ্যামকো পদারবিন্দ ভানুসিংহ বন্দিছে ॥

Parjaay: Bhanu Singher Padabali (8), Taal: Ektaal, Raag: Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail